

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৮, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা: ০৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ/ ১৮ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৪.০৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'বাংলাদেশ পরিকল্পনা কমিশন' নিম্নরূপে গঠন করেছে:

(ক) কমিশনের গঠন:

- | | | | |
|-------|--|---|--------------------|
| (১) | প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | : | চেয়ারপারসন |
| (২) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | : | বিকল্প চেয়ারপারসন |
| (৩) | মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | : | ভাইস চেয়ারপারসন |
| (৪-৯) | পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ | : | সদস্য |
| (১০) | সচিব, পরিকল্পনা বিভাগ | : | সদস্য-সচিব |

(খ) কমিশনের কার্যপরিধি:

- বুলস অব বিজনেস, ১৯৯৬-এর সিডিউল-১ এ বর্ণিত পরিকল্পনা মন্ত্রণালয়ের অন্তর্গত পরিকল্পনা কমিশনের জন্য নির্ধারিত কার্যাবলি;
- চেয়ারপারসন, বাংলাদেশ পরিকল্পনা কমিশন-এর সভাপতিত্বে অনুষ্ঠেয় সভায় নিম্নলিখিত কার্যাবলিও সম্পন্ন হবে:
 - দেশের সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি পর্যালোচনা;

(৪৯৫)

মূল্য : টাকা ৪.০০

- (২.২) জাতীয় অর্থনৈতিক পরিষদ কর্তৃক অনুমোদনের নিমিত্ত উপস্থাপনের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির (আরএডিপি) খসড়া চূড়ান্তকরণ;
- (২.৩) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা বাস্তবায়ন পর্যালোচনা ও হালনাগাদকরণের নির্দেশনা প্রদান;
- (২.৪) জাতীয় পরিকল্পনা বাস্তবায়নের সাথে সম্পৃক্ত গুরুত্বপূর্ণ বিষয়াবলি পর্যালোচনা; এবং
- (২.৫) জাতীয় পরিকল্পনার গুরুত্বপূর্ণ কৌশলগত বিষয়াবলি সম্পর্কে আন্তঃমন্ত্রণালয় মতপার্থক্য দূরীকরণ।
- (গ) প্রয়োজনে মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়-এর সভাপতিত্বে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভা করা যাবে এবং নিম্নলিখিত কর্মকর্তাগণকেও বর্ধিত সভায় আমন্ত্রণ জানানো হবে:
- (১) মন্ত্রিপরিষদ সচিব;
 - (২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব;
 - (৩) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ;
 - (৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ;
 - (৫) সচিব, অর্থ বিভাগ;
 - (৬) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ; এবং
 - (৭) গুরুত্বপূর্ণ আন্তঃমন্ত্রণালয় মতপার্থক্যের ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধি/প্রতিনিধিগণ।
- এ কমিশনে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।
- (ঘ) কমিশনের বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
- (ঙ) প্রয়োজনবোধে কমিশন নতুন সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করতে পারবে।
- (চ) পরিকল্পনা বিভাগ কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- (ছ) পরিকল্পনা কমিশনের বর্ধিত সভা খসড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও খসড়া সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি অনুমোদনের নিমিত্ত জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য সুপারিশ করবে।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সাদ্দত মাহবুব খান)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন: ৯৫১১০৩৬

e-mail: addl_ce@cabinet.gov.bd

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd